

জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ খাদ্য

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স, ভবন-০২ (লেভেল-৪,৫,৬)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।
www.bfsa.gov.bd

তারিখ: ১৪ মার্চ ২০২৩

প্রেস রিলিজ

এবারের ইফতার বাজারে শতভাগ নিরাপদতা নিশ্চিত করার চেষ্টা করে উদাহরণ সৃষ্টি করা হবে।

১৪ মার্চ ২০২৩:

আজ ১৪ মার্চ ২০২৩ খ্রিষ্টাব্দে রাজধানীর চকবাজার এলাকায় জামাল সর্দার কমিউনিটি সেন্টারে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের উদ্যোগে পবিত্র মাহে রমজান উপলক্ষে নিরাপদ ইফতার প্রস্তুত, বিক্রয় ও পরিবেশন বিষয়ে সচেতনতা বৃদ্ধিকরণ শীর্ষক কমশালা আয়োজন করা হয়।

উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের চেয়ারম্যান জনাব মোঃ আব্দুল কাইউম সরকার। তিনি তার বক্তব্যে পোড়াতেলের ব্যবহার নিষিদ্ধ করার উপর জোর দিয়ে বলেন, "নিরাপদ ও স্বাস্থ্যসম্মত ইফতার পাবার জন্য স্থানীয় জনপ্রতিনিধি ও ব্যবসায়ী প্রতিনিধিদের নিয়ে সম্মিলিতভাবে কাজ করতে হবে।" তিনি এবারের ইফতার বাজারে শতভাগ নিরাপদতা নিশ্চিত করে উদাহরণ সৃষ্টি করার আশাবাদ ব্যক্ত করেন।

সভাপতিত্ব করেন ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা জনাব বাবর আলী মীর। তিনি বলেন, নিরাপদ খাদ্যের নিশ্চয়তা করতে হলে মোবাইল কোর্টের পাশাপাশি জনসচেতনতা বাড়াতে হবে, এজন্য মানুষের বিবেককে জাগ্রত করতে হবে।

কর্মশালায় ৯০ জন খাদ্যকর্মী নিরাপদ খাদ্য আইন, নিরাপদ ইফতার ব্যবস্থাপনা, পোড়াতেলের ব্যবহার ও ক্ষতিকর প্রভাব, ফলের পুষ্টিগুণ এবং ইফতার প্রস্তুতিতে অনুজীবীয় দূষক ও এর প্রতিকার ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। উক্ত কর্মশালায় প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক জনাব আবুল হাসনাত মোঃ সোলায়মান, বিএফএসএ'র কর্মকর্তা অভিরূপ সাহা ও মেহরীন যারিন তাসনীম।



১৪-০৩-২০২৩

আবুল হাসনাত
জনসংযোগ কর্মকর্তা
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

ফোন: ০১৭১৮-২৭৫৭৮৫

মেইল: probfsa@gmail.com